BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 6th Semester Examination, 2022

## BNGGDSE03T-BENGALI (DSE2)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

**একক-১**

(ক) ভ্রমণের অভিজ্ঞতা কী কৌশলে ভ্রমণসাহিত্যে রূপান্তরিত হয়ে ওঠে, তা ব্যাখ্যা করো। বাংলা ভাষায় রচিত একটি উল্লেখযোগ্য ভ্রমণসাহিত্যের পরিচয় দাও। ৫+৫

**অথবা**

(খ) একালে সাহিত্য সমালোচনার যে বিচিত্র পদ্ধতির উদ্ভব ঘটেছে তার মধ্যে যে-কোনো দুটি পদ্ধতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫+৫

**একক-২**

(গ) 'ব্রত কী ও ব্রত যে কেন তা এ দেশের ও অন্য দেশের দুটি ব্রত পাশাপাশি রাখলেই আমাদের কাছে পরিষ্কার হয়ে উঠবে।' — 'বাংলার ব্রত' অবলম্বনে অংশটির তাৎপর্য আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) 'অন্যব্রত' কারা ? তাদের সম্বন্ধে আর্যদের মত 'দস্যু অকর্ম্য' কি যথার্থ বলে লেখক মনে করেন ? তাদের অবদানই বা কী ? ২+৪+৪

**একক-৩**

(ঙ) 'বাবা জমিদারি কাজ দেখতে ভালবাসতেন।' — 'পিতৃস্মৃতি' গ্রন্থে লেখক তার পিতার জমিদারি কাজের যে বিবরণ দিয়েছেন, তা নিজের ভাষায় লেখো। ১০

**অথবা**

(চ) জগদীশচন্দ্র বসু সম্পর্কে 'পিতৃস্মৃতি' গ্রন্থে লেখকের স্মৃতিচারণ সংক্ষেপে বিবৃত করো। ১০

**একক-৪**

(ছ) 'পুরুষের শ্রেষ্ঠত্ব' প্রবন্ধটি কার রচনা ? লেখকের কী মনোভাব এই প্রবন্ধে প্রকাশিত হয়ে উঠেছে, তা পর্যালোচনা করো। ১০

**অথবা**

(জ) 'স্বদেশসেবায় বঙ্গরমণী' প্রবন্ধে প্রকাশিত লেখকের বক্তব্য নিজের ভাষায় লেখো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) যে-কোনো একটি সম্পর্কে সংক্ষেপে উত্তর দাওঃ ৫

ডায়েরি, ব্যক্তিগত প্রবন্ধ, রম্যরচনা

(খ) কুমারী ব্রতের গঠন সংক্ষেপে লেখো। ৫

**অথবা**

ভাদুলি ব্রত কী জন্য পালিত হয় ? এই ব্রতের অনুষ্ঠান প্রক্রিয়া কীরকম ? ২+৩

(গ) 'এক রাশ বই তার নিত্য সহচর' — লেখকের উল্লিখিত পাঁচটি বইয়ের নাম উল্লেখ করো। ৫

**অথবা**

কচ্ছপ কোথায়, কখন ডিম পাড়ত ? সেই ডিম খুঁজে বের করার পদ্ধতি লেখক কার কাছ থেকে শিখেছিলেন ? ৫

(ঘ) ''নারীজন্ম কি অধর্ম'' প্রবন্ধটির লেখক কে ? কোন্ পত্রিকায় এটি প্রথম প্রকাশিত হয়েছিল ? প্রথম প্রকাশের সময়কাল উল্লেখ করো। লেখকের জন্মসন ও মৃত্যুসন লেখো। ১+১+১+২

**অথবা**

'আর মূর্খ নারী নতমস্তকে ঐ বিধান মানিয়া লইল।' — কোন্ প্রবন্ধের অংশ ? লেখক কে ? কোন্ বিধানের কথা বলা হয়েছে ? ১+১+৩

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 6th Semester Examination, 2022

## BNGGDSE04T-BENGALI (DSE2)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক-১**

(ক) ‘সধবার একাদশী’ নাটক অবলম্বনে নিমচাঁদ চরিত্রটি আলোচনা করো। ১০

**অথবা**

(খ) সমকালীন সমাজজীবনের প্রতিচ্ছবি কীভাবে ‘এমন কর্ম আর করব না’ প্রহসনে প্রতিবিম্বিত হয়েছে আলোচনা করো। ১০

**একক-২**

(গ) গিরিশচন্দ্র ঘোষের ‘সিরাজদ্দৌলা’ নাটকে চিত্রিত ঘসেটি বেগম চরিত্রটির মূল্যায়ন করো। ১০

**অথবা**

(ঘ) গিরিশচন্দ্র ঘোষের ‘সিরাজদ্দৌলা’ নাটকে সঙ্গীতের ব্যবহার নাট্যকাহিনির সঙ্গে কতটা সংগতিপূর্ণ হয়েছে আলোচনা করো। ১০

**একক-৩**

(ঙ) ‘চণ্ডালিকা’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

**অথবা**

(চ) ‘চণ্ডালিকা’ নাটকে প্রকৃতির মা-এর চরিত্রটির ভূমিকা সংক্ষেপে আলোচনা করো। ১০

**একক-৪**

(ছ) ‘কারাগার’ নাটকে নারী চরিত্র অঙ্কনে নাট্যকার মন্মথ রায়ের কৃতিত্ব আলোচনা করো। ১০

**অথবা**

(জ) ‘কারাগার’ নাটকে গানের ভূমিকা আলোচনা করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) ‘‘দত্ত কারো ভৃত্য নয়।’’ – উক্তিটি কে, কার উদ্দেশে করেছে ? উদ্ধৃত উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো। ১+১+৩

(খ) ‘হাঁ, প্রায়শ্চিত্ত কর্ব্ব, ধর্ষিতা হয়েছি বলে নয়, মনুষ্যত্বহীন এই পঙ্কিল সমাজে জন্মগ্রহণ করেছি বলে।’ – কে, কাকে একথা বলেছে ? আলোচ্য উক্তির মাধ্যমে বক্তা সমাজের যে দিকটি চিহ্নিত করেছেন তা আলোচনা করো। ১+১+৩

(গ) ‘‘দুঃখ দিয়ে মেটাব দুঃখ তোমার,
স্নান করাব অতল জলে বিপুল বেদনার।’’ ১+৪

— গানটির উৎস নির্দেশ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) ‘‘যে আমারে দিয়েছে ডাক,
বচনহারা আমাকে দিয়েছে বাক্।’’ ১+৪

— এটি কোন্ নাটকের অন্তর্গত ? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 6th Semester Examination, 2022

## BNGGGEC02T-BENGALI (GE2)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক-১**

(ক) বাংলা পরিভাষা লেখোঃ (যে-কোনো ***দশটি***) ১×১০ = ১০

Annexure, Acknowledgement, Backlog, Development, Efficient, Hearing, Convention, Judicial, Gazette, Kitbag, Notification, Zone, Yearly Expenditure, Zero Hour, Unanimous.

**অথবা**

(খ) বাংলা পরিভাষা সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১০

**একক-২**

(গ) অনুবাদ কতপ্রকার ও কী কী ? অনুবাদের বৈশিষ্ট্য ও প্রয়োজনীয়তা উদাহরণসহ আলোচনা করো। ৩+৭

**অথবা**

(ঘ) বাংলায় অনুবাদ করোঃ

Wealth is no doubt necessary for happiness in life. But it has a tendency to concentrate in the hands of few. The result is that the rich become richer and the poor become poorer. This is certainly a misuse of wealth. It should be fairly distributed among all, so that it may bring happiness to the greatest number of people in the society. ১০

**একক-৩**

(ঙ) প্রতিবেদন কাকে বলে ? প্রতিবেদনের প্রকারভেদগুলি আলোচনা করো। ২+৮

**অথবা**

(চ) বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

**একক - ৪**

(ছ) নিম্নলিখিত উদ্ধৃত অংশটির সারসংক্ষেপ রচনা করোঃ ১০

রামচন্দ্র যখন সেতুবন্ধন করেছিলেন তখন কাঠবেড়ালিরও স্থান হয়েছিল সেই কাজে। সে তখন শুধু গাছের কোটরে নিজের খাদ্যান্বেষণে না থেকে আপনার ক্ষুদ্র শক্তি নিয়েই দুই তটভূমির বিচ্ছেদ সমুদ্রের মধ্যে সেতুবন্ধনের কাজে যোগ দিয়েছিল। সীতাকে রাবণের হাত থেকে উদ্ধার করাই পৃথিবীতে সকল মহৎ সাধনার রূপক। সেই সীতাই ধর্ম; সেই সীতাই জ্ঞান, স্বাস্থ্য, সমৃদ্ধি, সেই সীতা সুন্দরী; সেই সীতা সর্বমানবের কল্যাণী। নিজের কোটরের মধ্যে প্রভূত খাদ্যসঞ্চয়ের ঐশ্বর্য নিয়ে এই কাঠবেড়ালির সার্থকতা ছিল না, কিন্তু সীতা উদ্ধারের মহৎ কাজে সে নিজেকে নিবেদন করেছিল। এই জন্যেই মানবদেবতা তার পিঠে আশীর্বাদরেখা চিহ্নিত করেছিলেন। প্রত্যেক মহাজাতির পিঠে আমরা সেই চিহ্ন দেখতে চাই, সেই চিহ্নের দ্বারাই সে আপন কোটরকোণের অতীত নিত্যলোকে স্থান লাভ করে।

**অথবা**

(জ) নিম্নলিখিত পদ্যংশটির সারসংক্ষেপে রচনা করোঃ ১০

"তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে
অর্পণ করেছ নিজে। প্রত্যেকের 'পরে
দিয়েছ শাসনভার হে রাজাধিরাজ।
সে গুরু সম্মান তব, সে দুরূহ কাজ
নমিয়া তোমারে যেন শিরোধার্য করি
সবিনয়ে। তব কার্যে যেন নাহি ডরি
কভু কারে।

ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা
হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে। যেন রসনায় মম
সত্যবাক্য ঝলি উঠে খরখড়্গসম
তোমার ইঙ্গিতে। যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।"

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) পরিভাষার গুরুত্ব আলোচনা করো। ৫

(খ) অনুবাদের বৈশিষ্ট্য লেখো। ৫

(গ) টীকা লেখোঃ প্রাতিষ্ঠানিক প্রতিবেদন। ৫

(ঘ) সারাংশ লিখনের পাঁচটি নিয়মাবলী লেখো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 6th Semester Examination, 2021

## BNGGDSE03T-BENGALI (DSE2)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**প্রতিটি একক থেকে *একটি* করে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাও** ১০×৪ = ৪০

**একক-১**

১।(ক) ব্যক্তিগত প্রবন্ধ বলতে কি বোঝো ? ব্যক্তিগত প্রবন্ধের সঙ্গে রম্যরচনার পার্থক্য নির্ণয় করো। ৫+৫

**অথবা**

(খ) ডায়েরী কিভাবে বহুজনের আস্বাদ্য হয়ে ওঠে, তা বিচার করো। ১০

**একক-২**

২।(ক) “বাংলার ব্রতের ছড়াগুলি বাঙালির ঘরের জিনিস বলে ধরা যেতে পারে।” — মন্তব্যটির তাৎপর্য নির্ণয় করো। ১০

**অথবা**

(খ) খাঁটি মেয়েলি ব্রত ও শাস্ত্রীয় ব্রত — এই উভয়ের তুলনামূলক আলোচনা করো। ১০

**একক-৩**

৩।(ক) ‘শিলাইদহের স্মৃতি’ প্রবন্ধে লেখক শিলাইদহে থাকাকালীন কোন্ কোন্ ঘটনার স্মৃতি রোমন্থন করেছেন, তার পরিচয় দাও। ১০

**অথবা**

(খ) ‘পদ্মা ও পদ্মাবোট’ প্রবন্ধে পদ্মাবোট সম্পর্কে লেখক যে বর্ণনা দিয়েছেন, তার বিস্তারিত বিবরণ দাও। ১০

**একক-৪**

৪।(ক) ‘আমাদিগের জন্মাবধিই পোড়া কপাল’ — এমন বহু আক্ষেপ প্রকাশ পেয়েছে ‘নারী জন্ম কি অধর্ম’ প্রবন্ধে, সেই আক্ষেপগুলির মূল্যায়ন করো। ১০

**অথবা**

(খ) আত্মচরিত বলতে কি বোঝো ? ‘আমার জীবন’ প্রবন্ধটি আত্মচরিত হিসেবে কতটা সার্থক হয়ে উঠেছে, তা আলোচনা করো। ৩+৭

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষেপে উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) যে-কোনো ***একটি*** সম্পর্কে সংক্ষেপে উত্তর দাওঃ ৫

বস্তুনিষ্ঠ প্রবন্ধ, ভ্রমণ সাহিত্য, পত্রসাহিত্য

(খ) 'বসুধরা ব্রত' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

**অথবা**

"নদী, নদী! কোথায় যাও ? বাপ-ভাইয়ের বার্তা দাও!" ১+৪

— উদ্ধৃত ছড়াটি কোন্ ব্রতের অন্তর্গত ? উদ্ধৃতিটির মর্মার্থ বিশ্লেষণ করো।

(গ) শান্তিনিকেতনের বিদ্যালয়ে সপ্তাহের কোন্ দিন ছুটি থাকত ? এবং সেই দিনটি কিভাবে উদ্‌যাপন করা হত ? ১+৪

**অথবা**

লন্ডনে থাকাকালীন রবীন্দ্রনাথ ঠাকুরের সাথে যাঁদের সাক্ষাৎ হয়েছিল তাঁদের মধ্যে যে-কোনো দুইজনের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

(ঘ) "হঠাৎ আজকাল সেই ধ্রুব বিশ্বাসের উপর কালস্রোতের আঘাত পড়িতে আরম্ভ হইয়াছে।" — প্রসঙ্গ উল্লেখ করে বিষয়টি ব্যাখ্যা করো। ৫

**অথবা**

'শব্দ তত্ত্বে নারী গৌরব' — প্রবন্ধটির রচয়িতা কে ? আলোচ্য প্রবন্ধে কোন্ বিষয়ের প্রতি লেখিকা আলোকপাত করেছেন ? ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

लक्ष्यं विश्वमानम्

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 6th Semester Examination, 2021

## BNGGDSE04T-BENGALI (DSE2)

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১০×৪ = ৪০

**একক - ১**

(ক) ‘সধবার একাদশী’ নাটকে সমকালীন সমাজচিত্রের পরিচয় দাও।　১০

**অথবা**

(খ) ‘এমন কর্ম আর করব না’ প্রহসনটির নামকরণের সার্থকতা বিচার করো।　১০

**একক - ২**

(গ) ঐতিহাসিক নাটক হিসেবে গিরিশচন্দ্র ঘোষের ‘সিরাজদ্দৌল্লা’ নাটকের সার্থকতা বিচার করো।　১০

**অথবা**

(ঘ) গিরিশচন্দ্র ঘোষের ‘সিরাজদ্দৌল্লা’ নাটকের সিরাজদ্দৌল্লা চরিত্রটি আলোচনা করো।　১০

**একক - ৩**

(ঙ) ‘চণ্ডালিকা’ নাটকটির মূল উৎস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে নাটকটি মূলের প্রকৃত অনুসরণ কিনা তা বুঝিয়ে দাও।　৩+৭

**অথবা**

(চ) ‘চণ্ডালিকা’ নাটকে ‘প্রকৃতি’ চরিত্র কতখানি সার্থক হয়েছে আলোচনা করো।　১০

**একক - ৪**

(ছ) ‘কারাগার’ নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো।　১০

**অথবা**

(জ) ‘কারাগার’ নাটকের চন্দনা চরিত্রের গুরুত্ব আলোচনা করো।　১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) ‘এ ব্যাটার মতন মিথ্যেবাদী তো আমি দুনিয়ায় দেখিনি’– কার উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করে বুঝিয়ে দাও। ১+২+২

(খ) মীরজাফর কোরাণ স্পর্শ করে ক’টি প্রতিজ্ঞা করেছিলেন ? প্রতিজ্ঞাগুলি কি কি ? ১+৪

(গ) ‘প্রাণটা উঠলো চমকে, শিউরে উঠে প্রণাম করলেম দূর থেকে’ – কার, কখন এই অনুভূতি হয়েছিল ? প্রসঙ্গ উল্লেখ করে বুঝিয়ে দাও। ২+৩

(ঘ) ‘সম্রাট আমি আপনার জন্মরহস্য জানি’– কে, কাকে বলেছিল ? জন্মরহস্য সংক্ষেপে উল্লেখ করো। ২+৩

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 6th Semester Examination, 2021

## BNGGGEC02T-BENGALI (GE2)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক - ১**

(ক) নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** পরিভাষা লেখোঃ ১×১০ = ১০

Abstract Budget, Accessories, Ideology, Draft, Basic Education, Casual, Managing Committee, Nationalisation, Ownership, Power of Attorney, Race, Thesis, Vacancy, Voluntary, Zonal office.

**অথবা**

(খ) পরিভাষা কাকে বলে? পরিভাষার বৈশিষ্ট্য ও গুরুত্ব আলোচনা করো। ২+৪+৪

**একক - ২**

(গ) 'অনুবাদ' বলতে কী বোঝো? অনুবাদের শ্রেণিবিভাগ করে উদাহরণ সহ আলোচনা করো। ২+৮

**অথবা**

(ঘ) বাংলায় অনুবাদ করোঃ ১০

'Satyajit Roy was a famous and successful film director. He was born on the 2nd May in 1921 in the Roy family. His father was Sukumar Roy and mother was Suprava devi. The name of his grandfather was Upendra Kishore Roy Chowdhury. He admitted Ballygunge Government High School to class VI, when he was eight years old and he passed B.A. from Presidency College.

**একক - ৩**

(ঙ) জীবনী পাঠের গুরুত্ব ও প্রাসঙ্গিকতা নিয়ে একটি প্রতিবেদন রচনা করো। ১০

**অথবা**

(চ) 'মহামারীর একাল-সেকাল'– এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

**একক - ৪**

(ছ) নিম্নলিখিত উদ্ধৃত অংশটির সারসংক্ষেপ রচনা করোঃ ১০

'অন্ন! অন্ন! যে ভগবান এখানে আমাকে অন্ন দিতে পারিবে না, তিনি যে আমাকে স্বর্গে অনন্ত সুখে রাখিবেন– ইহা আমি বিশ্বাস করি না। ভারতকে উঠাইতে হইবে, নাগরিকদের খাওয়াইতে হইবে, শিক্ষার বিস্তার করিতে হইবে, আর পৌরোহিত্য রূপ পাপ দূর করিতে হইবে। আরও খাদ্য, আরও সুযোগ প্রয়োজন। আমাদের নির্বোধ যুবকগণ ইংরেজগণের নিকট হইতে অধিক ক্ষমতা লোভের জন্য সভা সমিতি করিয়া থাকে - ইহাতে ইংরেজরা হাসে। যে অপরকে স্বাধীনতা দিতে প্রস্তুত নয়, সে কোনো মতেই স্বাধীনতা পাইবার যোগ্য নহে। দাসেরা শক্তি চায় অপরকে দাস করিয়া রাখিবার জন্য। প্রাচীন ধর্ম হইতে এই পৌরোহিত্যের অত্যাচার, অনাচারের মূলোচ্ছেদ করিয়া ফল দেখিবে এই ধর্মই জগতের সর্বশ্রেষ্ঠ ধর্ম।'

**অথবা**

(জ) নিম্নলিখিত পদ্যাংশটির সারসংক্ষেপ রচনা করোঃ ১০

"দাও ফিরে সে অরণ্য, লও এ নগর,
লও যত লৌহ লোষ্ট্র কাষ্ঠ ও প্রস্তর,
হে নবসভ্যতা, হে নিষ্ঠুর সর্বগ্রাসী,
দাও সেই তপোবন পুণ্য ছায়ারাশি,
গ্লানিহীন দিনগুলি ? সেই সন্ধ্যাস্নান,
সেই গোচারণ, সেই শান্ত সামগান,
নীবারধান্যের মুষ্টি, বল্কল-বসন,
মগ্ন হয়ে আত্মমাঝে নিত্য আলোচন
মহাতত্ত্বগুলি। পাষাণপিঞ্জরে তব
নাহি চাহি নিরাপদে রাজভোগ নব-
চাই স্বাধীনতা, চাই পক্ষের বিস্তার,"

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২=১০

(ক) পরিভাষার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ৫

(খ) বাংলায় অনুবাদ করোঃ ৫

I am going to have a bath.
It may rain tonight.
He would be sixty now.
You must have done it.
Do not keep let-hour.

(গ) বিষয়বস্তুর নিরিখে প্রতিবেদন-বৈচিত্র্য কীভাবে ঘটে লেখো। ৫

(ঘ) সারসংক্ষেপ রচনার বৈশিষ্ট্য আলোচনা করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——